অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ম্যাপল মাস উপলক্ষে নিউ ইয়র্ক স্টেটে ম্যাপল শিল্পের প্রচার শুরু করেছেন

2022 সালে নিউ ইয়র্ক 845,000 গ্যালন রেকর্ড পরিমাণ ম্যাপল সিরাপ উৎপাদন করেছে যা জাতীয় পর্যায়ে দ্বিতীয়

18-19 এবং 25-26 মার্চ ম্যাপল উইকেন্ডে অংশগ্রহণ করে পুরো মার্চ জুড়ে বিশেষ প্রচারের মাধ্যমে স্থানীয় উৎপাদকদের সমর্থন জানাতে নিউ ইয়র্কবাসীগণ আহ্বান জানিয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীদের তাদের স্থানীয় ম্যাপল উৎপাদকদের সমর্থন জানানোর আহ্বান জানিয়েছেন। গভর্নর নিউ ইয়র্কের আসন্ন ম্যাপল উইকেন্ডের ইভেন্ট ও কার্যক্রমের রূপরেখা প্রকাশ করেছেন যা পুরো মাস জুড়ে অন্যান্য বিশেষ ইভেন্ট ও প্রচারের পাশাপাশি 18-19 এবং 25-26 মার্চ অনুষ্ঠিত হবে। নিউ ইয়র্কের ম্যাপল উৎপাদনকারীগণ 2022 সালে 845,000 গ্যালন ম্যাপল সিরাপ উৎপাদন করে একটি রেকর্ড-সৃষ্টিকারী বছরের সাক্ষী হয়েছেন। জাতীয়ভাবে ম্যাপল উৎপাদনে নিউ ইয়র্ক স্টেট দ্বিতীয় স্থান ধরে রেখেছে।

"নিউ ইয়র্কে ম্যাপলের উৎপাদন সমৃদ্ধ করে এই শিল্পটি রেকর্ড গড়ে চলেছে এবং জাতীয়ভাবে এই মিষ্টি ফসলের সারিতে এটি দ্বিতীয় স্থানে রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "যে সমস্ত উৎপাদক আমাদের উপভোগ্য সুস্বাদু, উদ্ভাবনী ও অনন্য ম্যাপল পণ্য তৈরিতে কঠোর পরিশ্রম করে আমি তাদের সাধুবাদ জানাই এবং স্থানীয় বিক্রেতাগণ অফার করে এমন কিছু বিশ্ব-মানের আইটেমের নমুনা সংগ্রহে আমি সমস্ত নিউ ইয়র্কবাসীকে এই মাসের ম্যাপল সপ্তাহান্তে অংশগ্রহণ করার আহ্বান জানাই।"

ম্যাপল উৎপাদনের ক্ষেত্রে এর র‍্যাঙ্কিং ছাড়াও নিউ ইয়র্ক মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে ট্যাপযোগ্য ম্যাপল গাছের বৃহত্তম রিসোর্স এবং 2,000-এরও বেশি ম্যাপল চিনি প্রস্তুতকারকদের কেন্দ্রস্থল। 2022 সালে, নিউ ইয়র্কের ম্যাপল শিল্প 2.9 মিলিয়ন ট্যাপ ব্যবহার করেছিল যা এক বছরে সর্বোচ্চ সংখ্যক ট্যাপের হিসাবে 2021-এর রেকর্ডকে ছাড়িয়েছে। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস (The New York State Department of Agriculture and Markets) নিউ ইয়র্ক স্টেট বাজেটের মাধ্যমে ম্যাপেল শিল্পকে এগিয়ে নিতে সহায়তা করে—যার মধ্যে রয়েছে প্রচার ও শিক্ষামূলক প্রোগ্রামের জন্য অর্থায়ন—সেইসাথে কর্নেল ইউনিভার্সিটির

ম্যাপল প্রোগ্রামের আর্নট টিচিং ফরেস্টের মতো গবেষণা প্রকল্পে বিনিয়োগ এবং এর NYS গ্রোউন অ্যান্ড সার্টিফাইড ও টেস্ট NY (Taste NY) মার্কেটিং প্রোগ্রাম।

ম্যাপেল উইকেন্ড

প্রতি বছর মার্চ মাস জুড়ে, বিশেষ করে, মার্চ 18-19 এবং 25-26 সপ্তাহান্তে, স্টেট জুড়ে ম্যাপল খামারগুলো উৎস থেকে খাঁটি ম্যাপল সিরাপের স্বাদ গ্রহণের সুযোগ প্রদানে জনসাধারণের জন্য তাদের দরজা উন্মুক্ত করে দেয় এবং নিউ ইয়র্ক স্টেটে ম্যাপল সিরাপ তৈরির অনন্য পারিবারিক ঐতিহ্যের ধারা বজায় রাখে। NYS গ্রোউন অ্যান্ড সার্টিফাইডের অনেক উৎপাদনকারীগণ ট্যুর এবং প্যানকেক ব্রেকফাস্ট অফার করে, ম্যাপল পণ্য বিক্রি করে এবং সিরাপ তৈরির প্রক্রিয়া প্রদর্শন করে যার মধ্যে রয়েছে গাছে বালতি ঝুলিয়ে রাখার ঐতিহ্যগত পদ্ধতি বা ভ্যাকুয়াম পদ্ধতি ব্যবহার করে গাছ প্রতি রসের ফলন বাড়ানোর আরো অত্যাধুনিক পদ্ধতি। 2023 সালে ম্যাপল উইকেন্ডগুলো প্রায় 150টি ম্যাপল চিনি প্রস্তুতকারকদের খামারে অনুষ্ঠিত হবে যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে কৃষি-পর্যটনকে এগিয়ে নিয়ে যাবে। ম্যাপল উইকেন্ড সম্পর্কিত ইভেন্টগুলোর একটি অনুসন্ধানযোগ্য তালিকা পাওয়া যাবে এখানে https://mapleweekend.nysmaple.com/।

80-এরও বেশি ম্যাপল উৎপাদক NYS গ্রোউন অ্যান্ড সার্টিফাইডে অংশগ্রহণ করে যা নিউ ইয়র্কের কৃষি উৎপাদনকারী ও কৃষকদের যারা খাদ্য নিরাপত্তা ও পরিবেশগত স্থায়িত্বের মান এগিয়ে নিয়ে যায় তাদের যাচাই করে। NYS গ্রোউন অ্যান্ড সার্টিফাইড (NYS Grown & Certified) প্রোগ্রামের অংশ এমন ম্যাপল উৎপাদকদের একটি বর্তমান তালিকা দেখুন এখানে https://certified.ny.gov/wheretobuy।

ম্যাপল প্রমোশনস

নিউ ইয়র্কের টেস্ট NY মার্কেটগুলো মার্চ মাসে স্টেট জুড়ে অনন্য স্থানীয় ম্যাপল পণ্য এবং উৎপাদকদের তুলে ধরেছে। ফিঙ্গার লেকস ওয়েলকাম সেন্টার (Finger Lakes Welcome Center)-এ ম্যাপল আইটেমগুলোর উপর 10% ছাড়, ক্যাপিটাল রিজিয়ন ওয়েলকাম সেন্টার (Capital Region Welcome Center) এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ওয়েলকাম সেন্টার (Western New York Welcome Center)-এ বিশেষ পণ্যের নমুনা এবং আরো অনেক কিছু সহ বেশ কয়েকটি বাজার বিশেষ অফার প্রদান করছে। আপনার কাছাকাছি বাজারের একটি তালিকা দেখুন এখানে taste.ny.gov। নিউ ইয়র্কবাসীগণ ShopTasteNY.com ঠিকানায় গিয়ে ঘরে বসেই নিউ ইয়র্ক স্টেটের ম্যাপল কেনাকাটা করতে পারবে যা সারা মাস জুড়ে ম্যাপল পণ্যে বিশেষ ও বিনামূল্যে শিপিং ব্যবস্থা অফার করবে। উপরন্তু, টেস্ট NY মার্কেটগুলো 25-26 মার্চ সপ্তাহান্তে 'ম্যাপল ম্যাডনেস (Maple Madness)' উদযাপন করবে। সেই সপ্তাহান্তে বিশেষ নমুনা ও উপহার সম্পর্কে আরো তথ্য জানতে জন্য সোশ্যাল মিডিয়াতে চোখ রাখুন।

নিউ ইয়র্ক স্টেটের এগ্রিকালচার কমিশনার রিচার্ড এ. বল বলেন, "NYS গ্রোউন অ্যান্ড সার্টিফাইড প্রোগ্রামে যুক্ত থাকা সহ আমাদের সকল নিবেদিত ম্যাপল উৎপাদকদের ধন্যবাদ, নিউ ইয়র্ক সাম্প্রতিক বছরগুলোতে রেকর্ড পরিমাণ সিরাপ উৎপাদন এবং ট্যাপের সংখ্যায় জাতীয়ভাবে শীর্ষস্থানীয় ম্যাপল উৎপাদনকারী হিসেবে ধারা বজায় রেখেছে। আমি সমস্ত নিউ ইয়র্কবাসীকে ম্যাপল উইকেন্ডে কিছু সুস্বাদু পণ্যের স্বাদ নিতে এবং মৌসুমের এই প্রথম ফসল

যা আমাদের উৎপাদনকারীগণ উৎপাদনে খুব দক্ষ তা উপভোগ করার জন্য তাদের কাছাকাছি খামারে যাওয়ার আহ্বান জানাচ্ছি।"

ম্যাপল প্রডিউসার অ্যাসোসিয়েশনের এক্সিকিউটিভ ডিরেক্টর হেলেন থমাস বলেন, "ম্যাপেল উইকেন্ড 2023 দ্রুত চলে আসছে! এই বছর, প্রকৃতি আমাদের ম্যাপল মৌসুমের অগ্রিম সূচনা জানিয়ে দিয়েছে তাই অনেক খামার ইতোমধ্যেই আপনার নমুনা দেওয়ার জন্য প্রচুর ম্যাপল পণ্য উৎপাদন করেছে। কিভাবে বিশুদ্ধ ম্যাপল সিরাপ ও অন্যান্য ম্যাপল পণ্য তৈরি করা হয় তা সরাসরি দেখার জন্য ম্যাপল উইকেন্ডের সময় স্টেট জুড়ে 150টি ম্যাপেল সুগারহাউজ দর্শনার্থীদের স্বাগত জানায়। দর্শনার্থীগণ পরিবার-বান্ধব কার্যক্রম উপভোগ করার পাশাপাশি উৎপাদনস্থলে নিউ ইয়র্কের নতুন খাবারের স্বাদ নিতে পারেন। আপনার ভিজিটের দিন আবহাওয়া যদি হিমাঙ্কের উপরে থাকে তবে ম্যাপল গাছ থেকে আপনার রস আসছে এবং প্রক্রিয়াকরণের চূড়ান্ত ধাপ থেকে পানযোগ্য সিরাপ পর্যন্ত তা দেখার আশা করতে পারেন! আপনার ভিজিটসমূহের পরিকল্পনা সাজাতে mapleweekend.com ভিজিট করুন!"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন